উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

মার্চ/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ০৯/৩/২০২৩ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

| আলোচ্য বিষয় | | আলোচনা | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | সিদ্ধান্ত ১ ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২৩ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর জানুয়ারি/২০২৩মাসের মজুরী বিল । | ১৫,৪০০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের মজুরী বিল । | ১৫,৪০০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের মজুরী বিল । | ১৫,৪০০/- | |
| | ১১ | জনাব মো: কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর | ১৫,৪০০/- | |

| | | |
|---|---|---|
| | জানুয়ারি/২০২৩ মাসের মাসের মজুরী বিল | |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- |
| ১৩ | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য ফেব্রুয়ারি/২০২৩ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছে। অনুমোদিত/গৃহীত প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। এ বিষয়ে জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। চেয়ারম্যান, পাথারিয়া ইউনিয়ন পরিষদ, জানান যে, পাথারিয়া বাজারে জরুরী ভিত্তিতে ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ করা প্রয়োজন। বর্ষার পূর্বেই ড্রেনের কাজ করার জন্য অনুরোধ করেন। শান্তিগঞ্জ বাজারের রাস্তার কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে জরুরী ভিত্তিতে রাস্তার কাজ সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ করা হয়। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের অনুমোদিত প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে।<br>২. পাথারিয়া বাজারে জরুরী ভিত্তিতে ড্রেনেজ ব্যবস্থার কাজ সম্পন্ন করতে হবে।<br>৩. শান্তিগঞ্জ বাজারের রাস্তার কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>৩। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, শান্তিগঞ্জ কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, পূর্ব পাগলা,পশ্চিম বীরগাও হতে টি আর, কাবিখা, কাবিটার তালিকা পাওয়া যায় নি। জরুরী ভিত্তিতে তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর, কাবিখা ও কর্মসৃজন প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান বরাদ্দকৃত টিউবওয়েলের কাজ ১৫ রমজান থেকে শুরু করা হবে। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল ভবন মেরামতের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে ভূমি বরাদ্দের বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা পরিষদের অভ্যন্তরে উপযুক্ত খালি জায়গায় বিধি মোতাবেক অনুমোদন সাপেক্ষে ভবন নির্মাণের বিষয়ে উপস্থিত সকল সদস্যগণ একমত পোষণ করেন। | উপজেলা পরিষদের অভ্যন্তরে উপযুক্ত খালি জায়গায় বিধি মোতাবেক উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল ভবন নির্মাণ করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে,অত্র উপজেলায় বোরো আবাদের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। চলতি বছর ২২,৬১২ হেক্টর লক্ষমাত্রার চেয়ে বেশি আবাদ হয়েছে। প্রদর্শনী প্রকল্পের মাধ্যমে কৃষি আবাদ সম্প্রসারণ করা হচ্ছে। সার, বীজ, ও কৃষি যন্ত্রপাতি সংরক্ষণের জন্য একটি কক্ষ/টিনসেড ঘর নির্মাণ করা জরুরী। কৃষি যন্ত্রপাতি শিমুলবাক ইউপিতে ৫০% ভর্তুকীতে ও অন্যান্য ইউপিতে ৭০% ভর্তুকীতে বিতরণ করা হচ্ছে। চেয়ারম্যান, শিমুলবাক ইউপি জানান যে, শিমুলবাক, ইউপি হাওর এলাকা তাই শিমুলবাক ইউপিতেও অন্যান্য ইউনিয়নের মত ৭০% | ১. বোরো আবাদ/ফসল যেন লালচে/পোকার আক্রমণ/ভাইরাসে যেন ফসলের ক্ষতি না করতে পারে তা পর্যবেক্ষণ করতে হবে।<br>২. শিমুলবাক ইউপিতেও অন্যান্য ইউনিয়নের মত ৭০% ভর্তুকীতে কৃষি যন্ত্রপাতি বিতরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ভর্তুকীতে কৃষি যন্ত্রপাতি বিতরণ করার অনুরোধ করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | করতে হবে। | |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ কর্মকর্তা শান্তিগঞ্জ কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জানান যে, সারা দেশে ৫০০ টি ক্লিনিক মডেল হিসেবে উদ্বোধন করা হয়েছে। অত্র উপজেলায় পাথারিয়া ক্লিনিককে মডেল হিসেবে ধরা হয়েছে। । এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা শান্তিগঞ্জ কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | ১) কার্যপত্রসহ পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। তবে কাজের অগ্রগতির পরিমাণ খুবই কম। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করা হয়। বীরগাও প্রাইমারি স্কুলে পাইলিং এর পর কাজ বন্ধ রয়েছে। বড়মোহা স্কুলে ৮০% কাজ হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. শিক্ষার মানোন্নয়নে তদারকি বৃদ্ধি করতে হবে।<br>২. নির্মাণাধীন প্রাইমারি বিদ্যালয়ের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জানান অত্র উপজেলার ২৬ বিদ্যালয়ের মধ্যে ১১ টি বিদ্যালয়ে শহীদ মিনার স্থাপন করা জরুরী। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে দীর্ঘদিন যাবত স্টাফ সংকটে রয়েছে। ফলে অফিসের কার্যক্রমে ব্যঘাত ঘটছে। বিভিন্ন শিক্ষা সংক্রান্ত কাজে অফিসের বাইরে গেলে অফিস তালাবদ্ধ অবস্থায় রেখে যেতে হয়। ফলে জনসাধারণ সরকারি সেবা সঠিকভাবে পাচ্ছেনা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। জরুরী ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের জন্য সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ মতামত প্রদান করেন। | ১. মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে ও শিক্ষার প্রসার ঘটাতে হবে।<br>২. প্রয়োজনীয় জনবল পদায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আলাদা মিটার নেওয়ার কারণে ইতিপূর্বে যে ধরণের ভৌতিক বিদ্যু বিল আসতে তা এখন নিয়ন্ত্রণে রয়েছে।এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক । | ১. বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ৫৪ কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। সরকারি শিশু পরিবারে ০৯ টি শিশু রয়েছে। এতিমদের লেখাপড়া ও ব্যয়ভার বহন করা হবে। বয়স্ক মহিলাদের প্রবীন নিবাস স্থাপন করা হবে। এ বিষয়ে সহযোগিতা প্রদান করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | কার্যক্রমে আর ও গতীশীলতা আনতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | ১) কার্যপত্রসহ পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সভায় জানান যে, জনসংখ্যা ও গৃহগণনা কাজে ব্যবহৃত ট্যাবগুলো নবম ও দশম শ্রেণীর শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হবে। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের মাধ্যমে তা উদ্বোধন করা হবে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, অতিরিক্ত বিদ্যু বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ কর্মকর্তা জানান VWB কর্মসূচীর আওতায় ২০২৩-২০২৪ নতুন চক্রের ১৯৮৩ জনকে উপকারভোগীর আওতায় আনা হয়েছে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, ২৮/০২/২৩ তারিখ ০২ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে। ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক/প্রশিক্ষণ চলছে। গরু মোটাতাজাকরণের জন্য ৬০ জনকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রশিক্ষণার্থী যাচাই বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় ইউপি চেয়ারম্যান ও পশু খামারী/প্রাণিসম্পদ অফিসের সহযোগিতা নেওয়ার জন্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ কার্যক্রমে গতীশীলতা আনতে হবে এবং উপকারভোগী/প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্পের ভবনটি রং করা জরুরী। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | ১কার্যক্রমে গতীশীলতা আনতে হবে<br>২. ভবণটি রং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।<br>২.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |
| ২১ | সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী ফসল রক্ষা বাঁধের কাজ বাস্তবায়ন সংক্রান্ত | সভায় উপ সহকারী প্রকৌশলী, জনাব মোঃ মাহাবুব আলম জানান যে, শান্তিগঞ্জ উপজেলাধীন পশ্চিমবীরগাঁও ইউনিয়নের অন্তর্গত খাই হাওরের বেধাখালী বাঁধের (হাজামবাড়ি) পাশে উপজেলা প্রকৌশলী দপ্তর কর্তৃক লাউগাং খালের উপর একটি ব্রীজ নির্মাণাধীন রয়েছে। সংশোধিত কাবিটা নীতিমালা কমিটির সভাপতি/সদস্য সচিবকে অবহিত না করে নির্মাণ কাজের ঠিকাদারী প্রতিষ্টান খাই হাওরের মুল বাঁধ কিঃমিঃ৪.২০০অংশে প্রায় ৫০ মিটার সম্পূর্ণ রুপে কেটে ফেলেছে । যার ফলে উল্লেখিত বাঁধের | উল্লেখিত স্থানটি শান্তিগঞ্জ উপজেলার ঝুকিপুর্ণ বাধের অংশের মধ্যে অন্যতম একটি। খাই হাওরের প্রায় ৩৬০০হেক্টর বোরো ফসল রক্ষার স্বার্থে শান্তিগঞ্জ উপজেলাধীন পশ্চিমবীরগাঁও ইউনিয়নের অন্তর্গত খাই হাওরের খাই হাওরের | ১. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অংশটি ঝুকিপূর্ণ হয়েছে ।২০২২-২৩ অর্থ বছরের খাই হাওরের বোরো ফসল রক্ষার জন্য ৫৩নং পিআইসিকে কার্যাদেশ প্রদান করা হয়। সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী ২৮ ফেব্রুয়ারী-২০২৩ এর মধ্যে কাজটি সমাপ্ত করনের নির্দেশনা রয়েছে। আগাম বণ্যার কবল থেকে বোরো ফসল রক্ষার জন্য বাঁধটি খুবই গুরুত্বপূর্ণ। উল্লেখিত স্থানটি শান্তিগঞ্জ উপজেলার ঝুকিপুর্ণ বাধেঁর অংশের মধ্যে অন্যতম একটি।খাই হাওরের প্রায় ৩৬০০হেক্টর বোরো ফসল রক্ষার স্বার্থে ২৮ ফেব্রয়ারীর-২০২৩ এর মধ্যে কাজটি মেরামত করা জরুরী।পুরাতন বাধেঁর সমতুল্য শক্তি অর্জন করতে হলে শতভাগ মেকানিক্যাল কম্পেকশন প্রয়োজন হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বাঁধটি খুবই জনগুরুত্বপূর্ণ। সংশোধিত কাবিটা নীতিমালা কমিটির সভাপতি/সদস্য সচিবকে অবহিত না করে পশ্চিমবীরগাঁও ইউনিয়নের অন্তর্গত খাই হাওরের বেধাখালী ফসল রক্ষা বাধটি কেটে ফেলা সমীচিন হয়নি। এ বিষয়ে জরুরী ভিত্তিতে টিকাদারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করার বিষয়ে উপজেলা প্রকৌশলী , শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করা হয়। এবং কার্যকর পদক্ষেপ গ্রহণপূর্বক উক্ত কমিটির সভাপতিকে অবহিত করার জন্য সভায় আলোচনা করা হয়। | এলজিইডি ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক কেটে ফেলা মুল বাঁধ কিঃমিঃ৪.২০০অংশে প্রায় ৫০ মিটার জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে। | |
| ২২ | বিবিধ আলোচনা | (ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, শান্তিগঞ্জ উপজেলার পশ্চিম পাগলা ইউনিয়নের ০২ টি ও পাথারিয়া ইউনিয়নে অবস্থিত হিন্দু ধর্মালম্বীদের আখরা মেরামত/রং করণ/সংস্কার করার বিষয়ে উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জকে অনুরোধ করেন ।<br>(খ) ইউপি চেয়ারম্যান পাথারিয়া জানান যে, পাথারিয়া বাজারে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণ করা জরুরী। বর্ষার সময় বাজারে পানি লেগে থাকে। জনসাধারণ ও ব্যবসায়ীগণ বাজারে চলাফেরা করতে পারেনা।<br>(গ) ইউপি চেয়ারম্যান জয়কলস জানান যে, নোয়াখালী বাজারে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণ করা জরুরী। বর্ষার সময় বাজারে পানি লেগে থাকে। জনসাধারণ ও ব্যবসায়ীগণ বাজারে চলাফেরা করতে পারেনা।<br>(ঘ) চেয়ারম্যান, শিমুলবাক জানান যে, শিমুলবাক ইউনিয়নে কয়েকটি ফসল রক্ষা বাধ দেওয়া হয়নি। তাই আগাম বন্যার ফলে ফসল হানি ঘটতে পারে। এ বিষয়ে দ্রুত সরেজমিন তদন্তকরে ব্যবস্থা নেওয়ার জন্য পানি উন্নয়ন বোর্ড ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>(ঙ) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, শান্তিগঞ্জ জানান যে, উনার কক্ষের বাথরুমটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। | ১. পশ্চিম পাগলা ইউনিয়নের ০২ টি ও পাথারিয়া ইউনিয়নে অবস্থিত হিন্দু ধর্মালম্বীদের আখরা মেরামত/রং করণ/সংস্কার কাজ জরুরী ভিত্তিতে করতে হবে।<br>২. পাথারিয়া বাজারে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. নোয়াখালী বাজারে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. শিমুলবাক ইউনিয়নের ফসল রক্ষা বাধ সরেজমিন পরিদর্শন করে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।<br>৫.উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, শান্তিগঞ্জ এর কক্ষের বাথরুমটি জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে। | ১. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ<br>২. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ<br>৩. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ<br>৪. উপ সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, শান্তিগঞ্জ<br>৫. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (চ) উপজেলা পরিষদের আওতাধীন যাত্রী ছাউনী গুলো হলো পাগলা বাজারে ০২ টি , পাথারিয়া বাজারে ০২ টি পূর্ব পাগলায় ০১ টি এবং শান্তিগঞ্জ বাজারে ০১টি। তন্মেধ্য পাগলা বাজারের ০২ টি, পূর্ব পাগলায় ০১ টি ও শান্তিগঞ্জের ০১ টি যাত্রী ছাউনীসহ ০৪ টি যাত্রী ছাউনী সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তা সম্প্রসারণের কাজে ভেঙ্গে ফেলা হয়েছে। পাথারিয়া বাজারে ০২ টি যাত্রী ছাউনী ভূমি মালিকানা দাবী করে জনাব অসিত বরণ দাস, পিতা-মৃত-অমলেন্দু শেকড় দাস, সাং- তালুকগাও, উপজেলা-শান্তিগঞ্জ, জেলা-সুনামগঞ্জ এর নিজ রেকর্ডীয় ভূমি হতে যাত্রী ছাউনী অপসারণের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয়ে আবেদন করেন। উক্ত আবেদনটি যাচাই বাছাই করে দেখা যায় যে, নালিশা ভূমিটি মালিকানা ভূমি এ বিষয়ে অধিকতর যাচাই বাছাইয়ের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের (রাজস্ব শাখা) স্মারক নং-৯৮২ তারিখঃ ১৫/০৯/২০২২ প্রেক্ষিতে উপজেলা ভূমি অফিসকে পত্র প্রেরন করা হয়। পত্র উল্লেখ করা হয় যে, নালিশা ভুমিটি মালিকানাধীন, তাই বিষয়টি নিস্পত্তি না হওয়া পর্যন্ত পাথারিয়া বাজারের ০২ টি যাত্রী ছাউনী ইজারা কার্যক্রম বন্ধ রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (৬) মালিকানা সংক্রান্ত জটিলতা নিরসনের পুর্বপর্যন্ত পাথারিয়া বাজারের ০২ টি যাত্রী ছাউনী ইজারা কার্যক্রম বন্ধ রাখতে হবে। | ৬. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (ছ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ সভায় আলোচনা করেন যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস-২০২৩ যথাযোগ্য মর্যদায় পালনের নিমিত্তে সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দের ঐকান্তিক চেষ্টা এবং সহযোগিতার কথা উল্লেখ করে দিবসটি উদযাপনের বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য অর্থ সংগ্রহের বিষয়ে গুরুত্বারোপ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী জাতীয় দিবস উদযাপনের নিমিত্তে বৎসরে সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। নির্দেশিকার আলোকে বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য প্রস্তাব করেন। | (৭) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী জাতীয় দিবস উদযাপনের নিমিত্তে নির্দেশিকার আলোকে বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করতে হবে। | ৭. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (জ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ সভায় আলোচনা করেন যে, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এ দৈনিক মজুরী ভিত্তিতে কর্মরত জনাব লব চন্দ্র পাল, জনাবমাহিন মিয়া,জনাব আবু রায়হান , জনাব কামাল মিয়া ১৪২৯ বাংলা সন হতে বিধি মোতাবেক ২০% নববর্ষ ভাতা প্রদান করা হয়ে থাকে। ১৪৩০ বাংলাসনের নববর্ষ ভাতা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়, আলোচনান্তে কার্যদিবসের (২২ দিনের) অর্থ্যা ১২১০০/- টাকার ২০% হিসেবে ২৫০০/- টাকা নববর্ষ ভাতা (১৪৩০) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়টি সভায় গৃহীত হয়। | (৮) জনাব লব চন্দ্র পাল, জনাবমাহিন মিয়া,জনাব আবু রায়হান , জনাব কামাল মিয়াকে ১৪২৯ বাংলা সন হতে বিধি মোতাবেক ২০% নববর্ষ ভাতা প্রদান করতে হবে। | ৮. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (ঝ) উপজেলা নির্বাহী অফিসারের বাসবভন এর বাউন্ডারী দেওয়ালের আংশিক মেরামত/ইলেক্ট্রনিক বেঞ্চ তৈরি ও অন্যান্য মেরামত/সংস্কার বাবদ ৩১,৬০০/-(একত্রিশ হাজার ছয়শত ) টাকার বিল দাখিল করা হয়েছে। উপজেলা রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ এর (ক) নং অনুচ্ছেদ অথ্যাৎ উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | (৯) ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ এর (ক) নং অনুচ্ছেদ অথ্যাৎ উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরশোধ করতে হবে। | ৯. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (ঞ) জনাব এম এ মান্নান, মাননীয় পরিকল্পনা মন্ত্রী, ২৬ মার্চ/২০২৩ মহান স্বাধীনতা দিবস-উদযাপন অনুষ্টানে সদয় উপস্থিত থাকবেন। এ উপলক্ষে উপজেলা পরিষদ পরিষদের চর্তুপাশ ও ড্রেনেজের সিস্টেমে ময়লা আবর্জনা পরিষ্কার, ড্রেনের চতুপার্শ রঙ করা হয়েছে। উপজেলা পরিষদের নীচ তলার রেলিং, বাউন্ডারীর ভিতরের অংশে রেলিং এর চতুপাশে রং ও সম্মেলন কক্ষের ড্রেনের সামনের অংশ জরুরী ভিত্তিতে রং করা হয়েছে। উক্ত কাজের ব্যয়িত ৩৪,০০০/-(চৌত্রিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ এর (ক) নং অনুচ্ছেদ অথ্যাৎ উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরিশোধের পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১০. ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ এর (ক) নং অনুচ্ছেদ অথ্যাৎ উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরশোধ করতে হবে। | ১০. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (ট) উপজেলা সমবায় কার্যালয়, শান্তিগঞ্জ এর (কক্ষ নং-৩১১) অফিস কক্ষের বৈদ্যুতিক অবকাঠামো, নতুন লাইন ও মিটার সংযোগ, ইলেক্ট্রনিক কাজের মেরামত বিল বাবদ ২৫,০০০/-(পচিশ হাজার) টাকার বিল দাখিল করেছেন। উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্তমতে উপজেলা রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ এর (ক) নং অনুচ্ছেদ অথ্যাৎ উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | (১১) ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ এর (ক) নং অনুচ্ছেদ অথ্যাৎ উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরশোধ করতে হবে। | ১১. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (ঠ) ৫১ তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্টানে উপজেলা পর্যায়ে শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা পরিচালনা ব্যয় পরিশোধের জন্য সরকারি সিদ্ধান্তমতে ব্যয় সংকোচ নীতি অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল থেকে ৪০,০০০/ (চল্লিশ হাজার) টাকা প্রদানের জন্য উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | (১২) ৫১ তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্টানে উপজেলা পর্যায়ে শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা পরিচালনা ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে ৪০,০০০/ (চল্লিশ হাজার) টাকা প্রদান করতে হবে | ১২. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (ড) পশ্চিম পাগলা ইউনিয়নে দলার হাওরে সেচের অভাবে বোরো ফসল ব্যহত হওয়ার বিষয়টি ইতিপূর্বে একাধিকবার উপজেলা পরিষদে আলোচনা করা হয়। কৃষি কাজের গুরুত্ব বিবেচনায় পশ্চিম পাগলা ইউনিয়নের দলার হাওরে সেচের পাম্পের জ্বালানি,বাধ নির্মাণ, পানির নালা তৈরি ও অন্যান্য খাতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ৫০,০০০/- টাকা পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | (১৩) পশ্চিম পাগলা ইউনিয়নের দলার হাওরে সেচের পাম্পের জ্বালানি,বাধ নির্মাণ, পানির নালা তৈরি ও অন্যান্য খাতে ৫০,০০০/- টাকা পরিশোধ করতে হবে | ১৩. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (ঢ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এঁর বাসভবনে জরুরী ভিত্তিতে ইলেক্টিক ও অন্যান্য কাজ করা হয়েছে। উক্ত কাজের ব্যয়িত ৭২৪৮/ সাত হাজার দুইশত আটচল্লিশ) টাকার বিল দাখিল করেছেন। দাখিলীয় বিল উপজেলা রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ এর (ক) নং অনুচ্ছেদ অথ্যাৎ উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | (১৪) ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ এর (ক) নং অনুচ্ছেদ অথ্যাৎ উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরশোধ করতে হবে। | ১৪. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (ণ) **বীরগাঁও বাজার ঃ** বীরগাঁও বাজার ইজারার জন্য ১ম পর্যায়ে ০৮/০২/২০২৩ তারিখে জনাব জুনেল আহমদ, পিতা-জয়নাল আবেদীন, সাং- বীরগাঁও, উপজেলা- শান্তিগঞ্জ এর নিকট এর নিকট হতে ১০,০০০/-(দশ হাজার) টাকার ১টি একক দরপত্র পাওয়া যায়। পরবর্তীতে একাধিক তারিখ থাকলেও কোনো দরপত্র পাওয়া যায়নি। জনাব জুনেল আহমদ, পিতা-জয়নাল আবেদীন, সাং- বীরগাঁও, উপজেলা- শান্তিগঞ্জ কর্তৃক দাখিলকৃত দরের উপর ৩০% জামানত সঠিক এবং ভ্যাট/আইটির সনদ আছে। উল্লেখ্য যে আলোচ্য বাজারটি বিগত ১৪২৬ ১৪২৭,১৪২৮,১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও আগ্রহী দরদাতা পাওয়া যায়নি। বাজারের পার্শবর্তী নদী ভরাট হয়ে যাওয়ায় বছরের অধিকাংশ সময়েই নৌ-চলাচল বন্ধ থাকে। অপরদিকে বাজারের পার্শবর্তী গ্রামগুলোতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের অনেকগুলো দোকান গড়ে উঠায় এবং নিকটবর্তী অন্যান্য বাজারের সাথে যাতায়াতের ভাল সুযোগ থাকায় এলাকার জনসাধারণ ভাল যোগাযোগ সম্পন্ন বাজারেই বেশী কেনাকাটা করতে যায়, যার ফলে বীরগাঁও বাজারের গুরুত্ব অনেক হ্রাস পাওয়ায় উক্ত বাজারে মানুষের সমাগম কমে যাওয়ার কারণে সরকারি কাংখিত ৮০,৯১৪/- ইজারামূল্যে ইজারা নিতে কোন আগ্রহী দরদাতা পাওয়া যায়নি। সরকারি রাজস্ব বৃদ্ধি ও হাট-বাজার ইজারা সংক্রান্ত উপজেলা মূল্যায়ন কমিটির ৮/০২/২০২৩ খ্রিঃ তারিখের সভার সুপারিশের প্রেক্ষিতে উপজেলা পরিষদের ০৯/০৩/২০২৩খ্রি তারিখে অনুষ্ঠিত মাসিক সভায় সরকারি হাট বাজার ব্যবস্থাপনা নীতিমালা ২০১১ এর ২(১০) ন ং অনুচ্ছেদের আলোকে প্রাপ্ত দর সরকারি কাংখিত মূল্যের চেয়ে কম হওয়ায় অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় বরাবরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । ইজারা অনুমোদন না পাওয়া সহকারী কমিশনার (ভূমি), ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে খাস আদায়ের নির্দেশনা প্রদান করবেন। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা দরপত্র দাখিলকারীর মাধ্যমে খাস কালেকশন আদায়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। এ ছাড়া অন্যান্য ইজারাবিহীন বাজারগুলো হতে খাস কালেকশন আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১৫)সরকারি হাট বাজার ব্যবস্থাপনা নীতিমালা ২০১১ এর ২(১০) ন ং অনুচ্ছেদের আলোকে প্রাপ্ত দর সরকারি কাংখিত মূল্যের চেয়ে কম হওয়ায় অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় বরাবরে পত্র প্রেরণ করতে হবে এবং বিধিমোতাবেক খাস কালেকশন আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১৫. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ১১১/১

তারিখ: ০৯/০৩/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৮. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৯. সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। (তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়য়েব পোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০.চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০. জনাব/জনাবা.........................................................................................

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ

## উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ৯।৮।২০২৫ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | নুর হোসেন | 01722441875 | [signature] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | দুলারা রানী তালুকদার | 01737913601 | [signature] |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | | | |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | | | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | | | |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | খন্দকার সোহায়েল আহমেদ | 01602476111 | [signature] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | মো: আল-নূর [illegible] | 01718-161681 | [signature] |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | [illegible] তালুকদার | 01715-171668 | [signature] |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | মো: সেলিম খান | 01718-064880 | [signature] |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | মো: নূরে আলম সিদ্দিকী | 01717-042369 | [signature] |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [illegible] হেলাল উজ্জামান | 01714630261 | [signature] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | মোহাম্মদ মাসুদ আলম | 01716885762 | [signature] |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সন্দীপ বিশ্বাস | 01758132839 | [signature] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মো: শাহাদাৎ হোসেন ভূঁইয়া | 01675354042 | [signature] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | হাসান কবির | 01933163362 | [signature] |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | মো: মাসুদ সরকার | 01673386709 | [signature] |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | অসীম কুমার তালুকদার | 01718790810 | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | মোঃ আতিউর রহমান | 01821971843 | Atiur |
| ১৯ | উপজেলা আনসার ও বিডিপি কর্মকর্তা | মোহাঃ শিমুল [illegible] | 01733750771 | [signature] |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | বকুল দেবনাথ | 01938879428 | [signature] |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | আবুল কালাম [illegible] | 01788873040 | [signature] |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | মোঃ [illegible] ইসলাম | 01799704856 | [signature] |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | মোঃ শাহীনুর চৌধুরী | 01708796844 | [signature] |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি | | | |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাও ইউপি | ~~আশুক মিয়া~~<br>শরিফুল ইসলাম | ~~01745874863~~<br>01729582794 | [signature]<br>[signature] |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | | | |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | [illegible] আহমেদ | 01748913944 | Haider |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | আশুক মিয়া | 01745874863 | [signature] |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |